



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.৩২.০০১.২০.২৪

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়/শাখা পরিবর্তন সংক্রান্ত

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিষয়/শাখা সংশোধন/পরিবর্তনের জন্য ০৮-০৯-২০২১ থেকে ৩০-১২-২০২১ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার কোনো শিক্ষার্থী বিজ্ঞান শাখায় বিষয় পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে না।

শিক্ষার্থীকে বিষয়/শাখা সংশোধন/পরিবর্তনের নির্ধারিত আবেদন ফরমে (ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আবেদন ফরম পাওয়া যাবে) আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদন পত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি এবং নিবন্ধিত বিষয় যাচাই করে অনলাইনে institute প্যানেল থেকে শিক্ষার্থীর আবেদন 'সাবমিট' করবেন। অনলাইনে আবেদন সাবমিট করার পর সোনালী ব্যাংকের গেটওয়ের মাধ্যমে অটোজেনারেটেড রসিদে নির্ধারিত ৮০০/- (আটশত টাকা) ফি পরিশোধ করতে হবে।

আবেদন দাখিলের লিংক : (institute.jessoreboard.gov.bd->Group & subject change->Create Application)

৫-৯-২০২১

কে এম রক্বানী  
কলেজ পরিদর্শক

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ২) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর